অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/28/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো পশ্চিম নিউ ইয়র্ক কর্মী উন্নয়ন প্রতিযোগিতার দ্বিতীয় রাউন্ডের পুরস্কৃতদের নাম ঘোষণা করেছেন

কৃষি, স্বাস্থ্য ও জীবন বিজ্ঞান, এবং প্রযুক্তি ক্ষেত্রগুলিতে কর্মমুখী প্রশিক্ষণের সহায়তা করার জন্য চারটি স্থানীয় অ-লাভজনক প্রতিষ্ঠান 1.45 মিলিয়ন মার্কিন ডলার পেয়েছে

লেফটেন্যান্ট গভর্নর হোচুল নিউ ইয়র্ক স্টেট কর্মী উন্নয়ন সচেতনতা সপ্তাহ উদ্বোধন করেছেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ দ্বিতীয় দফার অর্থায়নের জন্য 1,454,072 মার্কিন ডলার ঘোষণা করেছেন যা পশ্চিম নিউ ইয়র্ক কর্মক্ষম উন্নয়ন প্রতিযোগিতার চারটি স্থানীয় অলাভজনক প্রতিষ্ঠানকে প্রদান করা হয়েছে। এই কর্মসূচী নিশ্চিত করতে সাহায্য করে যে এই অঞ্চলের কর্মী পাইপলাইন শিল্পের চাহিদার প্রতি সাড়া দিচ্ছে এবং অনগ্রসর জনগোষ্ঠীর জন্য কর্মীদের প্রশিক্ষণের উদ্ভাবনী পদ্ধতিতে বিনিয়োগ করছে।

লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল আজকের ঘোষণা দিয়েছেন এবং নিউ ইয়র্ক স্টেটের কর্মী উন্নয়ন সচেতনতা সপ্তাহ শুরু করেছেন, যা 28 সেপ্টেম্বর থেকে 4 অক্টোবর পর্যন্ত চলবে। এই সপ্তাহে, নিউ ইয়র্ক স্টেট কাজের প্রশিক্ষণ এবং উচ্চশিক্ষা কৌশল প্রদর্শন করবে যা ব্যবসা এবং শিল্প কর্মীদের চাহিদা পূরণ, আঞ্চলিক প্রতিভা পাইপলাইন উন্নয়ন, স্থানীয় কর্মী সত্তার নমনীয়তা এবং অভিযোজন বৃদ্ধি, এবং বিভিন্ন ক্রস-সেকশনের মানুষের জন্য কর্মক্ষেত্র শেখার সুযোগ প্রসারিত করতে সাহায্য করবে যারা স্টেটের এবং জাতির কর্মীদলের মূল ভিত্তি।

"এই অনুদান বর্তমান সময়ের দ্রুত বর্ধনশীল শিল্পগুলিতে প্রতিযোগিতা করার জন্য মানুষকে প্রশিক্ষণ এবং দক্ষতা সরবরাহ করবে এবং নিউ ইয়র্ককে আগের চেয়ে উন্নত করে গড়ে তুলতে সাহায্য করবে," **গভর্নর কুওমো বলেন।** "দ্রুত পরিবর্তনশীল অর্থনীতির সুযোগ গ্রহণের জন্য রাষ্ট্রের কর্মী বাহিনীকে অবশ্যই মানিয়ে নিতে হবে, এবং আমাদের ওয়ার্কফোর্স ডেভলপমেন্ট চ্যালেঞ্জ (Workforce Development Challenge, WDC) পশ্চিম নিউ ইয়র্কবাসীদের সফল হওয়ার জন্য প্রয়োজনীয় তীক্ষ্ণতা দিচ্ছে।"

WDC পুরস্কারপ্রাপ্তরা এই অঞ্চলের অন্তত একটি অভীষ্ট শিল্প খাতে কর্মী উন্নয়ন করে, যার মধ্যে রয়েছে: উন্নত উৎপাদন, স্বাস্থ্য ও জীবন বিজ্ঞান, পর্যটন, পরিচ্ছন্ন শক্তি, এবং কৃষি। দ্বিতীয় রাউন্ড এছাড়াও প্রযুক্তি কেন্দ্রিক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত এবং তহবিল প্রসারিত করা হয়। রালফ সি উইলসন, জুনিয়র ফাউন্ডেশন এই রাউন্ডে প্রোগ্রামের সাফল্যের জন্য তহবিলে অতিরিক্ত 1.5 মিলিয়ন মার্কিন

ডলার অবদান রেখেছে। অনুদান কমিউনিটি ফাউন্ডেশন ফর গ্রেটার বাফেলো অ্যান্ড এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, নিউ ইয়র্ক স্টেটের প্রধান অর্থনৈতিক উন্নয়ন সংস্থা দ্বারা পরিচালিত হবে।

"চাকরির প্রশিক্ষণ শুধু একটি চটক বাক্যের চেয়ে অনেক বেশী- এর আক্ষরিক অর্থ হচ্ছে ভবিষ্যতের কাজের জন্য প্রশিক্ষণ - এবং এটি ছাড়া আমাদের কর্মীরা স্থবির হয়ে পড়ে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আজ আমার নিজের শহর বাফেলোতে কর্মী উন্নয়ন সচেতনতা সপ্তাহ শুরু করতে পেরে আমি গর্বিত, কারণ আমার কাছে এটা ব্যক্তিগত। নিউ ইয়র্কবাসীরা মহামারী দ্বারা প্রচণ্ডভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, কিন্তু আমরা বিনিয়োগ করছি চাকরির প্রশিক্ষণ এবং ক্যারিয়ার প্লেসমেন্ট সবার জন্য সহজলভ্য করার জন্য। আজকের বিনিয়োগ আমাদের অর্থনীতিকে আরও উন্নত করে গড়ে তোলার আরেকটি হাতিয়ার এবং সকল নিউ ইয়র্কবাসীদের কাছে সাফল্য সহজলভ্য করে তুলবে।"

11.5 মিলিয়ন মার্কিন ডলারের কর্মী উন্নয়ন চ্যালেঞ্জ কর্মসূচিটি পশ্চিমা নিউ ইয়র্ক জুড়ে বেকার এবং স্বল্প কর্মের জনসংখ্যার জন্য কর্মশালার প্রশিক্ষণের উদ্ভাবনী পন্থাগুলিকে উন্নীত এবং তাতে বিনিয়োগ করার জন্য সাজানো হয়েছে। প্রকল্পটি সম্প্রদায় ভিত্তিক প্রশিক্ষক যারা নিজেদের ট্র্যাক রেকর্ড, বিশ্বস্ত সম্প্রদায়ভিত্তিক সম্পর্ক এবং যোগাযোগ ও নিয়োগের জন্য অসামান্য দক্ষতা প্রমাণ করেছেন, তাদের ক্ষমতা বৃদ্ধি করতে সহায়তা করবে। উপরন্তু, এটি এই অঞ্চলের অভীষ্ট খাতে কর্মসূচী সমর্থন করবে যা প্রবৃদ্ধির জন্য পাকা এবং চাকুরী চাহিদা আছে, বেকার এবং স্বল্প কর্মের জনসংখ্যার জন্য প্রশিক্ষণ প্রদান, একই সাথে এন্ট্রি লেভেল এবং মধ্যম-দক্ষতার কর্মীদের জন্য ক্যারিয়ার উন্নতির সুযোগ প্রদান করবে। প্রকল্পটি ব্যবসা এবং কর্মশালার প্রশিক্ষকদের মধ্যে সহযোগিতা সর্বোচ্চকরণ করতে সেরা অনুশীলন মডেল অর্থায়ন করবে।

যেসব প্রকল্প অর্থায়ন করা হবেঃ

ট্রোকাইর কলেজ টেকনোলজি ইনস্টিটিউট ক্যারিয়ার রিবুট প্রোগ্রাম
সংগঠনঃ ট্রোকাইর কলেজ
WDC পুরস্কারের পরিমাণ: 674,162 মার্কিন ডলার
বর্ণনাঃ একটি আইটি এবং সাইবার নিরাপত্তা প্রশিক্ষণ, এর প্রযোজ্য সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট সফট স্কিল সাপোর্ট সার্ভিসের 36 সপ্তাহের পাইলট কভার করার জন্য তহবিল ব্যবহার করা হবে।
প্রকল্পের অবস্থানঃ ইরি কাউন্টি

নিউ হোপ ইনোভেটিভ ক্যারিয়ার সেন্টার
সংগঠনঃ হার্ভেস্ট হাউজ
WDC পুরস্কারের পরিমাণ: 379,822 মার্কিন ডলার
বর্ণনাঃ বিদ্যমান প্রোগ্রামের একটি সম্প্রসারণ যা নমনীয় এবং জীবন দক্ষতা প্রশিক্ষণ এবং সহায়তা সহ স্বাস্থ্য এবং জীবন বিজ্ঞানে সার্টিফিকেট ভিত্তিক, হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করে।
প্রকল্পের অবস্থানঃ ইরি কাউন্টি

বিগিনিং ফারমার ট্রেনিং প্রোগ্রাম
সংগঠনঃ নায়াগ্রা কাউন্টির কর্নেল কো-অপারেটিভ এক্সটেনশন
WDC পুরস্কারের পরিমাণ 250,0৪৪ মার্কিন ডলার
বর্ণনাঃ তহবিল বিগিনিং ফারমার ট্রেনিং প্রোগ্রাম, একটি সার্টিফিকেট প্রোগ্রামকে বৃদ্ধি করবে যা বেকার এবং স্বল্প কর্মের কৃষি কর্মীদের সাহায্য করবে যারা দক্ষতা উন্নয়ন এবং কর্মজীবনের অগ্রগতি খুঁজছে। এই প্রোগ্রাম শ্রেণীকক্ষ নির্দেশনা, হাতে-কলমে প্রশিক্ষণ, এবং র‍্যাপঅ্যারাউন্ড সেবা ব্যবহার করে শিক্ষার্থীদের বীজ থেকে বিক্রয় পর্যন্ত খামার পণ্য নেওয়ার জন্য প্রয়োজনীয় জ্ঞান এবং শিল্প সংযোগ প্রদান করে।
প্রকল্পের অবস্থানঃ নায়াগ্রা ফল ও লকপোর্ট, নায়াগ্রা কাউন্টি

অ্যাডভান্সমেন্ট ট্রেনিং ফর হেলথকেয়ার অকুপেশন্স (Advancement Training for Healthcare Occupations, ATHOS): একটি গ্রামীণ উদ্ভাবনী প্রশিক্ষণ সুযোগ (A Rural Innovative Training Opportunity)
সংগঠনঃ WNY গ্রামীণ এলাকা স্বাস্থ্য শিক্ষা কেন্দ্র ইনকর্পোরেটেড (WNY Rural Area Health Education Center Inc.)
WDC পুরস্কারের পরিমাণ: 150,000 মার্কিন ডলার
বর্ণনাঃ তহবিল একটি পাঠ্যক্রমের উন্নয়ন সম্পন্ন করবে, প্রোগ্রাম সরবরাহ বাস্তবায়ন করবে এবং প্রশিক্ষণ কর্মসূচীর জন্য সহায়তা সেবা প্রদান করবে যা গ্রামীণ, চিকিৎসাগতভাবে অনগ্রসর সম্প্রদায় এবং স্থানীয় স্বাস্থ্যসেবা শিল্পে যত্ন সমন্বয় প্রশিক্ষণ প্রদান করে। প্রোগ্রাম সরাসরি শ্রেণীকক্ষ অভিজ্ঞতা, একটি ই-লার্নিং প্ল্যাটফর্মের মাধ্যমে, অথবা একটি হাইব্রিড প্রোগ্রামের মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করে।
প্রকল্পের অবস্থানঃ ইরি, নায়াগ্রা, ক্যাটারাগাস, শাটোকুয়া এবং আলেগানি কাউন্টি।

আগামী মাসগুলোতে ভবিষ্যৎ তহবিল রাউন্ড ঘোষণা করা হবে। অতিরিক্ত তথ্য এখানে পাওয়া যাবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার, প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক গার্টলার বলেন, "উদ্ভাবনী এবং ফলাফল ভিত্তিক পদ্ধতিতে বিনিয়োগের মাধ্যমে,ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট চ্যালেঞ্জ পশ্চিম নিউ ইয়র্কের প্রতিভা পুল উচ্চ চাহিদা, উচ্চ-বেতনের চাকরির সাথে তাল রেখে চলছে তা নিশ্চিত করতে সাহায্য করবে যা এই অঞ্চলে ক্রমবর্ধমান বৃদ্ধি এবং পরিবর্তনের প্রতীক।"

রাষ্ট্র ইতোমধ্যে শ্রম ও শিল্প চাহিদা সরবরাহের মধ্যে ব্যবধান দূর করতে কর্মী উন্নয়ন প্রচেষ্টায় উল্লেখযোগ্য বিনিয়োগ করেছে। এই প্রচেষ্টার মাধ্যমে শেখা গবেষণা এবং সর্বোত্তম অনুশীলন প্রয়োগ করে, WDC প্রকল্প গোষ্ঠীসমূহের মধ্যে ইতোমধ্যে বিদ্যমান কর্মশক্তির বিকাশের উপর উদ্দেশ্যসাধনের উপায় নির্মাণ করবে এবং পশ্চিম নিউ ইয়র্কে কর্মসংস্থানের সুযোগ প্রদান করে ক্রমবর্ধমান শিল্প খাতগুলির চাহিদা মেটানোর জন্য বঞ্চিত জনসংখ্যার দক্ষতা বৃদ্ধি করবে।

নিউ ইয়র্কবাসীদের জন্য সুযোগ সম্প্রসারণে কর্মী উন্নয়ন সচেতনতা সপ্তাহ এবং নিউ ইয়র্ক স্টেটের নেতৃস্থানীয় ভূমিকা সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে। রাষ্ট্র চাহিদাসম্পন্ন কর্মসংস্থান দক্ষতা এবং প্রশিক্ষণ প্রদানের জন্য ঐতিহাসিক কর্মী উন্নয়ন উদ্যোগ তৈরি করেছে, সকল নিউ ইয়র্কবাসীদের জন্য কলেজ সামর্থ্য উন্নয়নে অভূতপূর্ব প্রচেষ্টা করেছে, এবং একটি এক্সিকিউটিভ অফিস অফ ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট প্রতিষ্ঠা করেছে - যা নিউ ইয়র্কবাসীদের কর্মীদের অংশ হিসেবে প্রশান্তি খুঁজে পেতে এবং আমাদের সামনের দিনগুলিতে গতি বজায় রাখতে সাহায্য করবে যখন আমরা আমাদের স্টেটে আরও পরিপূর্ণ এবং সহিষ্ণু অর্থনীতি গড়ে তোলার চেষ্টা করছি।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক ডেভেলপমেন্ট এজেন্সি (www.esd.ny.gov)। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও গভর্নর কুওমোর রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসির (I LOVE NY)," মার্কেটিং তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হচ্ছে ESD, আমি নিউ ইয়র্ককে ভালোবাসি রাজ্যের আইকনিক ট্যুরিজম ব্র্যান্ড। আঞ্চলিক কাউন্সিল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে দেখুন www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন